



স্মারক নং-অঃ হিঃ/২১ (৪)/হিঃ ৭১৪

তারিখ : ২৮ মার্চ, ২০২২

পরিপত্র


বিষয় : ২০২১-২০২২ অর্থবছরের অনুন্নয়ন বাজেটের আওতায় বরাদ্দকৃত অর্থের খরচোক্তর বিল/ভাউচার দাখিল এবং অস্থায়ী অগ্রিম সমন্বয় প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অনুন্নয়ন বাজেটে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট অর্থ বছরের ৩০ জুন তারিখের মধ্যে খরচের বিধান রয়েছে। অর্থ বছরের শুরুতে অর্থাৎ আগস্ট, ২০২১ মাসে সংশ্লিষ্ট বরাদ্দ সংশ্লিষ্টগণকে অবহিত করে বন্টনকৃত অর্থ ডিসেম্বর, ২০২১ এর মধ্যে কমপক্ষে শতকরা ৭৫ ভাগ বিধি মোতাবেক খরচ করার অনুরোধ করা হয়েছিল। কিন্তু হিসাব পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, প্রকৃত খরচ আশানুরূপ হয়নি। বরাদ্দকৃত অবশিষ্ট অর্থ (যদি থাকে) যথাযথভাবে বিধি-বিধান অনুসরণ করে ক্রয়কার্য সম্পাদনের দ্রুত উদ্যোগ গ্রহণের জন্য সংশ্লিষ্টগণকে অনুরোধ করা যাচ্ছে। বাজেট ব্যবস্থাপনা এবং আর্থিক বিধি-বিধান সুষ্ঠু প্রতিপালনের লক্ষ্যে পণ্য/সেবা/ভৌতকার্য সংক্রান্ত বিল আগামী ১৫ জুন, ২০২২ এর মধ্যে যথাযথভাবে দাখিলের জন্য সংশ্লিষ্ট ক্রয়কারী/দপ্তর/বিভাগের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তাগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো। নির্দিষ্ট সময় সীমার মধ্যে বিল দাখিল করতে না পারলে বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট procuring entity এর দায়ভার বহন করবেন। উল্লেখ্য, সরকার এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (বিমক) বিধান অনুযায়ী নির্দিষ্ট অর্থবছরের মধ্যে বিল পরিশোধের বাধ্যবাধকতা রয়েছে।

এ ছাড়া, বিশ্ববিদ্যালয়ের জরুরি কার্য সম্পাদনে বিভিন্ন শিক্ষক/কর্মকর্তাগণকে বিভিন্ন সময়ে অস্থায়ী অগ্রিম পরিশোধ করা হয়। অস্থায়ী অগ্রিম যথাসময়ে সমন্বয় করা না হলে তা খরচের খাতে অপ্রদর্শিত থাকে। মঞ্জুরী কমিশনে প্রেরিত প্রতি মাসের রিপোর্টে অস্থায়ী অগ্রিমের তথ্য পর্যবেক্ষণ করে মঞ্জুরী কমিশন সাধারণত আপত্তি জানায়। সরকার এবং বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী অস্থায়ী অগ্রিম দ্রুততম সময়ে সমন্বয়ের তাগিদ রয়েছে। শাবিপ্রবি'র সিডিকেটের বিধি অনুযায়ী “গৃহীত অগ্রিম ১ (এক) মাস অথবা টাকা খরচের ১৫ (পনেরো) দিন এ দু'য়ের মধ্যে যেটা আগে হয় সে সময়ের মধ্যে সমন্বয় করতে হবে”। এমতাবস্থায়, বিভাগ/দপ্তর/ইনস্টিটিউট/হল ইত্যাদিতে যে সকল শিক্ষক/কর্মকর্তার নামে অগ্রিম অসমন্বিত রয়েছে উক্ত অগ্রিমসমূহ আগামী ৩১ মে, ২০২২ এর মধ্যে সমন্বয়ের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই পরিপত্র জারি করা হ'ল।

ধন্যবাদান্তে,
আপনার বিশ্বস্ত


28/3/22

(আ ন ম জয়নাল আবেদীন)

হিসাব পরিচালক

শাবিপ্রবি, সিলেট।

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. ডিন : স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেস, লাইফ সায়েন্সেস, সোশ্যাল সায়েন্সেস, এপ্রাইড সায়েন্সেস এন্ড টেকনোলজি, এগ্রিকালচার এন্ড মিনারেল সায়েন্সেস, ম্যানেজমেন্ট এন্ড বিজনেস এডমিনিষ্ট্রেশন, শাবিপ্রবি, সিলেট।
০২. বিভাগীয় প্রধান : পদার্থ বিজ্ঞান, রসায়ন, গণিত, পরিসংখ্যান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স, সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি, আর্কিটেকচার, অর্থনীতি, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, পলিটিক্যাল স্টাডিজ, পাবলিক এ্যাডমিনিষ্ট্রেশন, নৃবিজ্ঞান, ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি, ব্যবসায় প্রশাসন, ইংরেজি, বাংলা, জিওগ্রাফি এন্ড এনভায়রনমেন্ট, ইলেকট্রিকেল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি এবং সমুদ্রবিজ্ঞান বিভাগ, শাবিপ্রবি, সিলেট।
০৩. দপ্তর প্রধান : রেজিস্ট্রার, মহাবিদ্যালয় পরিদর্শক, কেন্দ্রীয় গ্রন্থাগার, পরীক্ষা নিয়ন্ত্রক, প্রকৌশল, পরিবহন, পরিকল্পনা ও উন্নয়ন, শারীরিক শিক্ষা, চিকিৎসা কেন্দ্র, শাবিপ্রবি, সিলেট।
০৪. প্রক্টর, শাবিপ্রবি, সিলেট।
০৫. প্রভোস্ট : শাহপরান হল, প্রথম ছাত্রী হল, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, বেগম সিরাজুল্লাহ চৌধুরী হল, সৈয়দ মুজতবা আলী হল, শাবিপ্রবি, সিলেট।
০৬. পরিচালক : ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা, আইআইসিটি, কম্পিউটার ও তথ্য কেন্দ্র, গবেষণা কেন্দ্র, সেন্টার অব এক্সিলেন্স, আইকিউএসি, আধুনিক ভাষা ইনস্টিটিউট ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গবেষণা সেল, শাবিপ্রবি, সিলেট।

অবগতিকল্পে অনুলিপি :

০১. কোষাধ্যক্ষ মহোদয়, শাবিপ্রবি, সিলেট।
০২. ভাইস চ্যান্সেলর মহোদয়ের সচিব, শাবিপ্রবি, সিলেট।
০৩. নথি।